গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৭০০.২৫.০০৯.১৭.১৯/২৫৮/৭১২ তারিখ : ১৩ বৈশাখ ১৪২৯ / ২৬ এপ্রিল ২০২২

**বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পিইডিপি-৪ এর আওতায় সারাদেশে ৫৮,০০০টি ওয়াশব্লক নির্মাণের লক্ষ্যমাত্রা রয়েছে এবং লক্ষ্যমাত্রার আলোকে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। উল্লেখ্য, ডিপিএইচই কর্তৃক পিইডিপি-৩ এর আওতায় ২৮,৫০০টি ওয়াশব্লক এবং জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় এ পর্যন্ত ১০,৩৮০টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে। বিদ্যালয়ের ছাত্র ও পুরুষ শিক্ষকদের জন্য "Male WASH Block" এবং ছাত্রী ও মহিলা শিক্ষকদের জন্য "Female WASH Block" নির্মাণ করা হচ্ছে। ছাত্রছাত্রীদের স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন সুবিধা নিশ্চিতকরণের নিমিত্ত বিদ্যালয়ে এসকল ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে এবং হচ্ছে। একটি ওয়াশব্লকে ৩টি টয়লেট থাকে যার ০১টি বিশেষ চাহিদাসম্পন্নদের জন্য নির্দিষ্ট। পুরুষদের জন্য ওয়াশব্লকে ৩টি টয়লেট ছাড়াও ০২টি ইউরিনাল এর ব্যবস্থা আছে। প্রতিটি ওয়াশব্লকে ০১টি করে ওয়াশ বেসিন ও পা ধোয়ার জন্য দুটি ফুট ওয়াশের ব্যবস্থা রয়েছে। এমতাবস্থায়, বিদ্যালয়ের ওয়াশব্লক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং অধিকতর কার্যকর করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালন করা আবশ্যক:

১. ওয়াশব্লক বিদ্যালয় ভবনের সাথে সংযুক্ত থাকবে। যেখানে সম্ভব নয় সেখানে ওয়াশব্লক নির্মাণের পূর্বে এসএমসি'র সভায় বিদ্যালয়ের অবকাঠামোর বিষয়ে বিস্তারিত আলোচনার মাধ্যমে যৌক্তিকভাবে ওয়াশব্লকের স্থান নির্ধারণ করতে হবে। ওয়াশব্লক নির্মাণ করতে যেয়ে বিদ্যালয়ের খেলার মাঠ নষ্ট করা যাবে না।

২. ওয়াশব্লক নির্মাণকালে মানসম্পন্ন সামগ্রি ব্যবহার করা হচ্ছে কিনা তা মনিটরিং করতে হবে। স্থানীয়ভাবে সমস্যার সমাধান না হলে যত দ্রুত সম্ভব উপজেলা শিক্ষা অফিসের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে লিখিতভাবে জানাতে হবে।

৩. ওয়াশব্লক নির্মাণের পর ডিপিএইচই এর নিকট থেকে লিখিতভাবে হস্তান্তর বুঝে নিতে হবে এবং বিদ্যালয়ে এর কপি সংরক্ষণ করতে হবে। তবে, কোন সমস্যা দেখা দিলে উপজেলা শিক্ষা অফিসার স্থানীয়ভাবে তা সমাধান করবেন এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে লিখিতভাবে জানাবেন।

৪. "বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) প্রণয়ন ও বাস্তবায়ন গাইডলাইন" এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৩ সেপ্টম্বর ২০২০ তারিখে জারীকৃত "বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) ফান্ড দ্বারা চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুকরণ" বিষয়ক পরিপত্রের আলোকে ওয়াশব্লক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে।

৫. বিদ্যালয়ে ওয়াশব্লকের যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিস/উপজেলা প্রকৌশলী (ডিপিএইচই) এর সঙ্গে যোগাযোগ করে সমাধান করতে হবে।

৬. ড্রেনসহ ওয়াশব্লক ও আঙ্গিনা প্রতিদিন পরিষ্কার-পরিচ্ছন্ন এবং জীবানুমুক্ত করতে হবে। কোভিড পরিস্থিতি বিবেচনায় বিদ্যালয়ে বরাদ্দকৃত স্লিপ ফান্ড এবং ওয়াশব্লকের রুটিন মেইনটেন্যান্সের অর্থ থেকে হারপিক, ব্রাশ, বালতি, বদনা, ঝাড়ু, সাবান, স্যাভলন, ফিনাইল, ব্লিচিং পাউডার ইত্যাদি ক্রয় করা যাবে। ওয়াশব্লক ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য অন্যান্য উৎস থেকে প্রয়োজনীয় সামগ্রী পাওয়া গেলে তা যথাযথ ব্যবহার করতে হবে।

৭. বিদ্যালয়ের স্লিপ পরিকল্পনায় রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কার্যক্রমে ফান্ড রেখে সেখান থেকে ওয়াশব্লক চালু রাখার জন্য ছোট খাটো যন্ত্রাংশ (যেমন- পানির কল, বেসিন ইত্যাদি) ক্রয় এবং মেরামত করা যাবে।

৮. ওয়াশব্লক নির্মাণের এক বছরের মধ্যে কোন সমস্যা দেখা দিলে (যেমন- প্লাষ্টার, রং, টাইলস, পাম্প, ট্যাংক, বিদ্যুৎ লাইন এবং নির্মাণ সংক্রান্ত) সংশ্লিষ্ট উপজেলার ডিপিএইচই এর প্রকৌশলীকে লিখিতভাবে অবহিত করতে হবে। তাঁরা সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এজন্য বিদ্যালয়কে কোনো ব্যয় বহন করতে হবে না। এ বিষয়ে কোন সমস্যা দেখা দিলে উপজেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার স্থানীয়ভাবে সমাধান করবেন। একান্ত অপরাগ হলে তৎক্ষণাৎ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

৯. কোন অবস্থাতেই ওয়াশব্লক অব্যবহৃত রাখা যাবে না। নিয়মিত পরিষ্কার-পরিছন্নতাসহ ছাত্রছাত্রীদের ব্যবহার উপযোগী ও সচল রাখতে হবে। এছাড়াও ওয়াশব্লক ব্যবহার বিষয়ে শ্রেনিকক্ষে মোটিভেশনের মাধ্যমে ছাত্রছাত্রীদের সচেতন করতে হবে।

১০. ওয়াশব্লকের লাইন বন্ধ হয়ে গেলে অথবা পানির পাম্প/মটর নষ্ট হলে তা মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১. সেপটিক ট্যাঙ্ক মেরামত ও পরিস্কারকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২. শ্রেনি শিক্ষকগণ ওয়াশব্লক ব্যবহার বিষয়ক সচেতনতা বৃদ্ধির বিষয়ে (যেমন- ব্যবহারের আগে এবং পরে প্যান/কমোডে পর্যাপ্ত পানি ব্যবহার, টয়লেট ব্যবহারের পর সাবান দিয়ে হাত ধোয়া, ফ্লাস অতি সাবধানতার সঙ্গে ব্যবহার করা ইত্যাদি) প্রত্যেক সপ্তাহে ১দিন অন্তত ১০ মিনিট শিশুদের ব্যবহারিক শিক্ষা দিবেন। মনে রাখতে হবে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য টয়লেট ব্যবহারের বিষয়টি শিশুদের শিক্ষার একটি অবিচ্ছেদ্য অংশ।

১৩. বিদ্যালয়ের স্টুডেন্ট কাউন্সিলের পরিবেশ সংরক্ষণের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধির নেতৃত্বে এবং কাব দলের ছাত্রছাত্রীদের মাধ্যমে দায়িত্ব ভাগ করে দিয়ে স্লিপ ফান্ডের অর্থ থেকে পরিচ্ছন্নতা কর্মীর সহায়তায় ওয়াশব্লক পরিষ্কার করানো যেতে পারে। এতে ছাত্রছাত্রীদের মধ্যে দায়িত্বজ্ঞান এবং দলীয়ভাবে কাজ করার মানসিকতা তৈরি হবে।

১৪. পত্রের কপি সকল প্রধান শিক্ষককে বিতরণসহ এ বিষয়ে সকল শিক্ষককে অবহিত করতে হবে। বিদ্যালয় পরিদর্শনকালে এ বিষয়ে ফলোআপ করতে হবে।

২। বর্ণিতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে উপরোল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

২০/৪/২২

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)

উপজেলা/ থানা শিক্ষা কর্মকর্তা (সকল),
উপজেলা/ থানা-------------------------, জেলা--------------------।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৪। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ------------------।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা---------------------------------।
৬। সুপারিনটেনডেন্ট (সকল) ---------------------------------পিটিআই, জেলা---------------------------------।
৭। ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোর্স সেন্টার, উপজেলা/থানা-------------------------, জেলা--------------------।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। অফিস কপি।